# মডেল টেস্ট– ৩

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. সমাজে কোনো কাজের মাধ্যমে তুমি ঈশ্বরের সেবা করছ, এটি প্রকাশ করবে–

ক কীর্তন করে　খ পূজা করে
গ জনসেবা করে　ঘ ধ্যান করে

২. ধর্মদেব ব্রাহ্মণের সেবায় সন্তুষ্ট হয়েছেন, কারণ–

ক ক্ষুধা নিবারণের জন্য　খ পেট ভরে খাওয়ানোর জন্য
গ ছাতুগুলো সুস্বাদু ছিল　ঘ ত্যাগী মনোভাবের জন্য

৩. কোন কাজটি দ্বারা ঈশ্বর বেশি সন্তুষ্ট হয় বলে তুমি মনে কর?

ক দীর্ঘ সময় ধরে ধ্যান করা　খ ক্ষুধার্ত মানুষকে খাবার দেওয়া
গ বৃক্ষরোপণ করা　ঘ ধর্মগ্রন্থ বেদ শুনা

৪. তুমি দেব-দেবীকে সন্তুষ্ট করতে চাও। এক্ষেত্রে তুমি কী করবে?

ক মানব সেবা করবে　খ জীবসেবা করবে
গ পূজা করবে　ঘ শক্তি ও গুণ প্রকাশ করবে

৫. তুমি নিজের অন্তরে ঈশ্বরকে অনুভব কর। তুমি কোন ধরনের ঈশ্বরের উপাসনায় বিশ্বাসী?

ক নিরাকার ঈশ্বরের　খ সাকার ঈশ্বরের
গ কল্যাণকর্তা ঈশ্বরের　ঘ পালনকর্তা ঈশ্বরের

৬. তোমার বাবা তোমাকে বলল, উপাসনা ও প্রার্থনার প্রয়োজনীয়তা অপরিসীম। এগুলোর মাধ্যমে কোনটি অর্জিত হয়?

ক মানসিক স্থিরতা ও একাগ্রতা　খ সামাজিক স্থিতিশীলতা
গ দীনতা থেকে মুক্তি　ঘ সকলের মঙ্গল

৭. হিন্দুধর্মকে বৈদিক ধর্মও বলা হয়। এর মূল কারণ কী বলে তুমি মনে কর?

ক বেদ হিন্দুধর্মের মূল ভিত্তি　খ গীতা হিন্দুধর্মের মূল ভিত্তি
গ মন্ত্র হিন্দু ধর্মের মূল ভিত্তি　ঘ শ্লোক হিন্দুধর্মের মূল ভিত্তি

৮. হিন্দুদের একটি ধর্মগ্রন্থ অরণ্যে রচিত। এর বিষয় হলো ধর্মদর্শন। এ গ্রন্থের নাম কী?

ক পুরাণ　খ গীতা
গ আরণ্যক　ঘ উপনিষদ

৯. মাদারীপুর ছিল বিপ্লবীদের একটি বিখ্যাত কেন্দ্র। এ অঞ্চলের নেতা কে ছিলেন?

ক বিপ্লবী পূর্ণদাস　খ বিপ্লবী সূর্যসেন
গ বিপ্লবী পুলীন বিহারী　ঘ বিপ্লবী ক্ষুদিরাম

১০. আমরা সকল ধর্মের প্রতি শ্রদ্ধা পোষণ করব। সকল মানুষের প্রতি ভালোবাসা প্রদর্শন করব। আমাদের এ কাজের মাধ্যমে সমাজে কোনটি প্রতিষ্ঠিত হবে?

ক ধর্মীয় সাম্য　খ অর্থনৈতিক সাম্য
গ রাজনৈতিক সাম্য　ঘ সামাজিক সাম্য

১১. তুমি স্কুলে যাচ্ছ এমন সময় তোমার শিক্ষকের সঙ্গে দেখা হলো। এ সময় তুমি কী করবে?

ক বাড়িতে যাওয়ার কথা বলবে　খ প্রণাম করবে
গ পড়তে চাইবে　ঘ মাথা নিচু করে হেঁটে যাবে

http://teachingbd.com

১২. ভগবান স্বয়ং শ্রীকৃষ্ণরূপে একটি যুগে পৃথিবীতে নেমে এসেছিলেন। উক্ত যুগের নাম কী?

ক) ত্রেতা যুগ
খ) দ্বাপর যুগ
গ) পৌরাণিক যুগ
ঘ) সনাতন যুগ

১৩. মনে কর, তোমার বন্ধু অনুপম সব সময় অন্যের উপকার করে। নিজের ক্ষতি হলেও কার অমঙ্গল কামনা করে না। সে কোন গুণের অধিকারী?

ক) পরোপকার
খ) সংযম
গ) অহিংসা
ঘ) সহনশীল

১৪. তুমি কীভাবে সমাজের কল্যাণ করবে?

ক) বহুতল বাড়ি নির্মাণ করে
খ) ব্রাহ্মণদের সেবা করে
গ) মন্দির নির্মাণ করে
ঘ) অসহায় মানুষের সেবা করে

১৫. উর্মির পিতা পরিমিত আহার করেন। তিনি শাকসবজি ও ফলমূলকে গুরুত্ব দেন এবং নিয়মিত ব্যায়াম করেন, কারণ—

ক) তিনি সুস্থ থেকে ধার্মিক হতে চান
খ) তিনি সকলের অনুসরণীয় হতে চান
গ) পরিমিত আহার শরীরকে সুস্থ রাখে
ঘ) পরিমিত আহার ও ব্যায়াম স্বাস্থ্য রক্ষায় সহায়ক

১৬. তুমি নিয়মিত যোগব্যায়াম কর। এতে তোমার কোনটি বাড়বে?

ক) রোগ প্রতিষেধক ক্ষমতা
খ) শ্রবণ শক্তি
গ) কোষ্ঠকাঠিন্য
ঘ) রোগবালাই

১৭. তোমার রাতে ঘুম আসে না। কোন আসনটি করে তুমি এ অবস্থা থেকে মুক্তি পাবে?

ক) সর্বাঙ্গাসন
খ) গোমুখাসন
গ) বজ্রাসন
ঘ) শবাসন

১৮. তোমার বড় ভাই দেশের শত্রুর বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়তে দ্বিধাবোধ করেন না। তাকে আমরা কী বলে আখ্যায়িত করতে পারি?

ক) মানবদরদি
খ) দানশীল
গ) দেশপ্রেমিক
ঘ) মহৎ

১৯. তুমি পুরাতন বছরকে বিদায় দেওয়ার দিন এক উৎসব উদযাপন কর। উক্ত উৎসবের নাম কী?

ক) চৈত্রসংক্রান্তি
খ) দোলযাত্রা
গ) রথযাত্রা
ঘ) মহালয়া

২০. তুমি ঈশ্বরের সঙ্গে যোগের জন্য শরীর ও মনকে প্রস্তুত করতে চাও। এক্ষেত্রে তুমি কোনটি করবে?

ক) যোগব্যায়াম
খ) উপবাস
গ) পরিমিত আহার
ঘ) যোগাসন

২১. রতন তার প্রিয় কলমটি বন্ধুকে দিবে বলে প্রতিজ্ঞা করল। কিন্তু পরবর্তীতে সে সেটি দিল না। এতে কী প্রকাশ পায়?

ক) বন্ধুকে কষ্ট দিল
খ) বিশ্বাস ভঙ্গ করল
গ) প্রতিজ্ঞা ভঙ্গ করল
ঘ) বন্ধুকে বোকা বানালো

২২. তোমার এক ধর্মগ্রন্থে সবরকমের দুর্বলতা পরিহার করতে বলা হয়েছে এবং ঈশ্বরের নামে সকল কর্ম করার কথা বলা হয়েছে। এ ধর্মগ্রন্থের নাম কী?

ক) গীতা
খ) পুরাণ
গ) আরণ্যক
ঘ) চণ্ডী

Teachingbd.com

২৩. বিনোদ নিজে ছিলেন খুব সংযমী ও পরিশ্রমী। তাই তিনি তাঁর বন্ধুদের কোনটি পালনের আহ্বান জানান?

ক) সংযম
খ) নির্মোহ জীবন
গ) পরোপকারী জীবন
ঘ) সংযম ও ব্রহ্মচর্য

২৪. তুমি নিজের ও অন্যের মঙ্গল কামনা করে প্রার্থনা কর। এটি কিসের অঙ্গ?

ক) উপাসনার
খ) স্তুতির
গ) ধ্যানের
ঘ) পূজার

২৫. অরূপ ঈশ্বরের সাকার রূপের উপাসনা করে। তাঁর সাকার রূপ কোনটি?

ক) ভগবান
খ) দেব-দেবী
গ) গ্রহ
ঘ) নক্ষত্র

২৬. ধ্যানের জন্য তোমার কোনটি বেশি প্রয়োজন?

ক) ধনসম্পদ অর্জন
খ) বিখ্যাত হওয়া
গ) সম্পূর্ণ ভালো হওয়া
ঘ) দায়িত্ব মুক্ত হওয়া

২৭. প্রত্যেক জীবের মধ্যে একজন বর্তমান। জগতের সবকিছুর মূলেও একজন। এখানে একজন বলতে কাকে বোঝানো হয়েছে?

ক) ব্রহ্মা
খ) বিষ্ণু
গ) শিব
ঘ) রাম

২৮. ধর তোমার প্রতিবেশী সুপন পাল একাদশী, পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে উপবাস করে। সে কোন ধর্মের অনুসারী?

ক) বৌদ্ধ ধর্ম
খ) ইসলাম ধর্ম
গ) হিন্দুধর্ম
ঘ) শিখ ধর্ম

২৯. তুমি শরীর ও মনকে সুস্থ রাখতে চাও। এজন্য তুমি নিয়মিত কী করবে?

ক) বজ্রাসন
খ) আসন
গ) শবাসন
ঘ) পদহস্তাসন

৩০. তুমি কীভাবে পরম আনন্দ লাভ করবে?

ক) পরের ক্ষতি করে
খ) পরের উপকার করে
গ) মানুষকে হিংসা করে
ঘ) কাউকে টাকা ধার দিয়ে

৩১. আমরা গুরুজনকে ভক্তি করি, কারণ—

ক) সমাজের মঙ্গল হয়
খ) পৃথিবীর মঙ্গল হয়
গ) ঈশ্বরকে ভক্তি করা হয়
ঘ) পিতার নির্দেশ পালন করা হয়

৩২. মাদারীপুর জেলার বাজিতপুর গ্রামে একজন মহাপুরুষ জন্মগ্রহণ করেছিলেন। তার নাম কী?

ক) স্বামী বিবেকানন্দ
খ) স্বামী প্রণবানন্দ
গ) গোবিন্দানন্দ
ঘ) সদানন্দ

৩৩. যোগব্যায়ামের দ্বারা তুমি কী নিয়ন্ত্রণ করতে পারবে?

ক) দেহ ও আত্মা
খ) শরীর ও মন
গ) জন্ম ও মৃত্যু
ঘ) স্রষ্টা ও সৃষ্টি

৩৪. তোমার মা শরীরের সুস্থতার জন্য মাঝে মাঝে আহার গ্রহণে বিরতি দেন। এ ধরনের বিরতি দেওয়ার নাম কী?

ক) যোগব্যায়াম
খ) উপবাস
গ) নিত্যকর্ম
ঘ) মোক্ষলাভ

৩৫. প্রাচীনকালে সৌবীর নামক একটি রাজ্য ছিল। এ রাজ্যের রানি কে ছিলেন?

ক) বিদুলা
খ) গার্গী
গ) গান্ধারী
ঘ) সাবিত্রী

Teachingbd.com

৩৬. 'বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর?' — কথাটি কে বলেছেন?
ক রামকৃষ্ণ পরমহংসদেব
খ স্বামী বিবেকানন্দ
গ স্বামী লোকনাথানন্দ
ঘ স্বামী পূর্ণানন্দ

৩৭. দেবী দুর্গা কিসের দেবী?
ক বিদ্যার
খ ধনসম্পদের
গ শক্তির
ঘ কর্মের

৩৮. উপাসনা ও প্রার্থনা করে আমরা কী হতে পারি?
ক সাহসী
খ শক্তিশালী
গ সৎ ও ধার্মিক
ঘ চালাক

৩৯. অপরাহ্ণকৃত্য কখন শেষ করতে হয়?
ক সূর্যোদয়ের পূর্বে
খ সূর্যোদয়ের পরে
গ দুপুরের পর
ঘ সায়াহ্নে

৪০. জীবনে মোক্ষ লাভ হয়—
ক নিত্যকর্মের ফলে
খ সকাম কর্মের ফলে
গ প্রাতঃকর্মের ফলে
ঘ নিষ্কাম কর্মের ফলে

৪১. বিনোদের সেবাকাজে খুশি হয়ে কে প্রশংসা করেছিলেন?
ক আচার্য জগদীশচন্দ্র বসু
খ বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসু
গ আচার্য প্রফুল্ল চন্দ্র রায়
ঘ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর

৪২. সাধনার পথ—
ক একটি
খ দুটি
গ পাঁচটি
ঘ বহু

৪৩. জীবের মধ্যে কার অবস্থান আছে?
ক দেবতার
খ ঈশ্বরের
গ অসুরের
ঘ মানুষের

৪৪. অহিংসা কেমন গুণ?
ক ছোট
খ বড়
গ মহৎ
ঘ খারাপ

৪৫. সাধনার প্রথম সোপান কী?
ক লোভ
খ ক্রোধ
গ হিংসা
ঘ সংযম

৪৬. কীভাবে অবাঞ্ছনীয় চিন্তাকে দূরে রাখা যায়?
ক বেশি ঘুমিয়ে থেকে
খ আসন অনুশীলনের দ্বারা
গ পূজা-অর্চনা করে
ঘ খেলাধুলা করে

৪৭. সঞ্জয়ের পিতার নাম কী?
ক সৌখেনরাজ
খ সন্দীরাজ
গ সৌভাগ্যরাজ
ঘ সৌবীররাজ

৪৮. তীর্থক্ষেত্রে আশ্রম গড়ে তোলে কারা?
ক দেবতারা
খ মানুষেরা
গ সাধু-সন্ন্যাসীরা
ঘ বকধার্মিকেরা

৪৯. নিত্যকর্ম কী?
ক সাংসারিক কাজকর্ম
খ উৎপাদন কর্ম
গ আয়ের জন্য কর্ম
ঘ ধর্মচর্চার একটি অঙ্গ

৫০. ভারতীয় নারী জীবনের প্রতীক কে?
ক সারদা দেবী
খ মেরী
গ মার্গারেট এলিজাবেথ
ঘ মাদার তেরেসা

Teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) ঈশ্বরকে নিরাকার বলা হয় কেন?
(খ) উপাসনার সময় তুমি কীভাবে আসন গ্রহণ করবে?
(গ) চার্চের কর্তৃপক্ষের সঙ্গে মার্গারেটের বিরোধ বাধে কেন?
(ঘ) আমরা কীভাবে সংযম করতে পারি?
(ঙ) নিত্যকর্ম ধর্মচর্চার একটি অঙ্গ। এ অঙ্গটি কয় প্রকার ও কী কী?
(চ) কুরুক্ষেত্রের অপর নাম কী?
(ছ) ঈশ্বরের পাঁচটি সাকার-রূপের দেব-দেবীর নাম লেখ।
(জ) চারটি বেদের নাম উল্লেখ কর।
(ঝ) কোন চেতনার মাধ্যমে ধর্মীয় সাম্যবোধ জাগ্রত হয়?
(ঞ) নারদের উপাধি কী?
(ট) বিশ্বামিত্র জাতিতে কী ছিলেন?
(ঠ) ধর্মসাধনার পূর্বশর্ত কী?
(ড) একজন দেশপ্রেমিক কীভাবে দেশকে শত্রুমুক্ত করে?
(ঢ) দুর্গাপূজা কখন অনুষ্ঠিত হয়?
(ণ) দেহ নমনীয় রাখার উপায় কী?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭ = ৩৫

(ক) তুমি পাঠ্যবই পড়ে জানলে একজন সকল জীব ও জগতের উপর প্রভুত্ব করেন। তিনি কে? তাঁর আরেক নাম কী? তাঁর সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫
(খ) তোমার ধর্মে প্রতিদিন নিয়ম মেনে একটি কর্ম করতে হয়। এ কর্মকে কী বলে? এ কর্মের চারটি গুরুত্ব লেখ। ১+৪=৫
(গ) ধর তোমার দাদা সকল ধর্মের মানুষকে আপন বলে ভাবেন। তোমার দাদার এ কাজগুলোর মধ্য দিয়ে যে বিষয়টি ফুটে উঠে তার পাঁচটি উপকারিতা বর্ণনা কর। ৫
(ঘ) বশিষ্ঠ কীভাবে বিশ্বামিত্রকে আপ্যায়ন করলেন পাঁচটি বাক্যে লেখ? ৫
(ঙ) সর্বাঙ্গাসন কী? তুমি সর্বাঙ্গাসন ও গোমুখাসন অনুশীলন করবে কেন চারটি বাক্যে লেখ। ১+৪=৫
(চ) কীভাবে জীবের সেবা করা যায়? পাঁচটি বাক্যে লেখ। ৫
(ছ) মোক্ষ শব্দের অর্থ কী? জীবনের মোক্ষ লাভের জন্য তোমার করণীয় সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫
(জ) আমরা অন্য ধর্মের লোকদের সঙ্গে কেমন আচরণ করব পাঁচটি বাক্যে লেখ? ৫
(ঝ) উপাসনার ক্ষেত্রে আসনের ভূমিকা পাঁচটি বাক্যে ব্যাখ্যা কর। ৫
(ঞ) চৈত্রসংক্রান্তিতে কী কী উদ্‌যাপিত হয় তা পাঁচটি বাক্যে লেখ। ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৩ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | (গ) | ২ | (ঘ) | ৩ | (খ) | ৪ | (গ) | ৫ | (ক) | ৬ | (ক) | ৭ | (ক) | ৮ | (গ) | ৯ | (ক) |
| ১০ | (ক) | ১১ | (খ) | ১২ | (খ) | ১৩ | (গ) | ১৪ | (ঘ) | ১৫ | (ঘ) | ১৬ | (ক) | ১৭ | (খ) | ১৮ | (গ) |
| ১৯ | (ক) | ২০ | (ক) | ২১ | (গ) | ২২ | (ক) | ২৩ | (ঘ) | ২৪ | (ক) | ২৫ | (খ) | ২৬ | (ঘ) | ২৭ | (ক) |
| ২৮ | (গ) | ২৯ | (খ) | ৩০ | (খ) | ৩১ | (গ) | ৩২ | (খ) | ৩৩ | (খ) | ৩৪ | (খ) | ৩৫ | (ক) | ৩৬ | (খ) |
| ৩৭ | (গ) | ৩৮ | (গ) | ৩৯ | (গ) | ৪০ | (ঘ) | ৪১ | (গ) | ৪২ | (ঘ) | ৪৩ | (খ) | ৪৪ | (গ) | ৪৫ | (ঘ) |
| ৪৬ | (খ) | ৪৭ | (ঘ) | ৪৮ | (গ) | ৪৯ | (ঘ) | ৫০ | (গ) | | | | | | | | |

২। (ক) ঈশ্বরকে দেখা যায় না কিন্তু তাঁর শক্তি ও গুণের প্রকাশকে প্রত্যক্ষ করা যায় বলে ঈশ্বরকে নিরাকার বলা হয়।

(খ) আমি উপাসনার সময় সোজা হয়ে উত্তর বা পূর্ব দিকে মুখ করে আসন গ্রহণ করব।

(গ) মার্গারেট চার্চের নিয়ম মানতে পারেননি বলে চার্চের কর্তৃপক্ষের সাথে মার্গারেটের মতবিরোধ দেখা দেয়।

(ঘ) আমরা পরিমিত আহার ও উপবাসের মাধ্যমে সংযম করতে পারি।

(ঙ) এ অঙ্গটি তথা নিত্যকর্ম ছয় প্রকার। যথা— প্রাতঃকৃত্য, পূর্বাহ্ণকৃত্য, মধ্যাহ্নকৃত্য, অপরাহ্ণকৃত্য, সায়াহ্নকৃত্য ও রাত্রিকৃত্য।

(চ) কুরুক্ষেত্রের অপর নাম হলো ধর্মক্ষেত্র।

(ছ) ঈশ্বরের পাঁচটি সাকার-রূপের দেব-দেবীর নাম ব্রহ্মা, বিষ্ণু, শিব, দুর্গা এবং সরস্বতী।

(জ) চারটি বেদের নাম হলো— ঋগ্বেদ সংহিতা, যজুর্বেদ সংহিতা, সামবেদ সংহিতা এবং অথর্ববেদ সংহিতা।

(ঝ) সকল জীবের মাঝে ঈশ্বর বিরাজমান— এই চেতনার মাধ্যমে ধর্মীয় সাম্যবোধ জাগ্রত হয়।

(ঞ) নারদের উপাধি দেবর্ষি।

(ট) বিশ্বামিত্র জাতিতে ক্ষত্রিয় ছিলেন।

(ঠ) ধর্মসাধনার পূর্বশর্ত স্বাস্থ্যরক্ষা।

(ড) একজন দেশপ্রেমিক যুদ্ধের মাধ্যমে দেশকে শত্রুমুক্ত করে।

(ঢ) দুর্গাপূজা আশ্বিন মাসের শুক্লপক্ষে অনুষ্ঠিত হয়।

(ণ) দেহ নমনীয় রাখার উপায় আসন অনুশীলন করা।

Teachingbd.com